



স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনের প্রস্তুতি নিচ্ছে সরকার



জহির উদ্দিন স্বপন। ছবি: সংগৃহীত

গণমাধ্যমের স্বাধীনতা, জবাবদিহি ও পেশাগত মানোন্নয়ন নিশ্চিত করতে একটি স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনের উদ্যোগ নিয়েছে সরকার বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন।

সোমবার (১৫ জুন) তথ্য ভবনে ন্যাশনাল এডিটর কাউন্সিল আয়োজিত এক সেমিনারে তিনি বলেন, অতীতে বিভিন্ন কমিশনের সুপারিশ বাস্তবায়নে সীমাবদ্ধতা থাকলেও এবার একটি কার্যকর ও অংশগ্রহণমূলক কাঠামো গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে।

তথ্যমন্ত্রীর মতে, গণমাধ্যমকে আরও দায়িত্বশীল ও শক্তিশালী করতে সাংবাদিক সংগঠনসহ সংশ্লিষ্ট সব পক্ষের মতামতের ভিত্তিতে কমিশন গঠন করা হবে। তিনি বলেন, একটি স্বচ্ছ ও নির্ভুল গণমাধ্যম সমাজের বাস্তব চিত্র তুলে ধরতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

তিনি আরও উল্লেখ করেন, সাংবাদিকতা এমন একটি পেশা, যেখানে মত ও আদর্শের ভিন্নতা থাকলেও জনগণের স্বার্থ রক্ষা করাই প্রধান দায়িত্ব। এ কারণে গণমাধ্যম খাতকে আরও সুসংগঠিত ও প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় আনার প্রয়োজন রয়েছে।

এ উদ্যোগ দেশের গণমাধ্যম ব্যবস্থার উন্নয়নে নতুন অধ্যায়ের সূচনা করবে বলেও আশা প্রকাশ করেন তথ্যমন্ত্রী।